গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নকলা, শেরপুর
www.nokla.sherpur.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.৮৯৬৭.০০১.১৬.০০২.২০-১৬৯

তারিখঃ ৯ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২১খ্রি.

"হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১-০৯-২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকমূলে জারীকৃত সরকারি হাট-বাজার ইজারা নীতিমালা অনুসারে নকলা উপজেলার ২৩টি হাট-বাজার ১৪২৮ বাংলা সন (১লা বৈশাখ ১৪২৮ বাংলা হতে ৩০ চৈত্র ১৪২৮ বাংলা এক বছরের জন্য) অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত ইজারা গ্রহীতাদের নিকট হতে নিম্নবর্ণিত সময়সূচী ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। হাট/বাজারের নাম, সরকারি মূল্য এবং দরপত্র সিডিউল মূল্য ঃ-

ক্রমিক	ইউনিয়নের নাম	হাট/বাজারের নাম	সরকারী কাঙ্খিত মূল্য	সিডিউলের মূল্য
১	গণপদ্দী	গণপদ্দী কৈয়ার হাট	৬৩৮৭২.০০	৫০০/-
২		গনপদ্দী নয়ার হাট	৮৫৫.০০	৫০০/-
৩		চিথলিয়া হাট	৫৪৪.০০	৫০০/-
৪		বড়ই তার হাট	৫৩০.০০	৫০০/-
৫		বিহারীরপাড় হাট	২১২১.০০	৫০০/-
৬	নকলা	ধনাকুশা হাট	১৪৮৭৫.০০	৫০০/-
৭		শিববাড়ী হাট	৫৭৯৫.০০	৫০০/-
৮	উরফা	বারমাইসা হাট	৭১৭৩.০০	৫০০/-
৯		রাণী শিমুল হাট	৫৩০.০০	৫০০/-
১০		তারাকান্দা হাট	৬৪০৭১.০০	৫০০/-
১১	গৌড়দ্বার	গৌড়দ্বার হাট	২৪০২৭.০০	৫০০/-
১২		রুণীগাঁও হাট	৭০৭.০০	৫০০/-
১৩	বানেশ্বর্দী	ভূরদী ছাল্লাকুড়া হাট	৫৩০.০০	৫০০/-
১৪		বানেশ্বর্দী খন্দকারপাড়া হাট	৫৯৪.০০	৫০০/-
১৫		বাউশা-কবুতরমারী হাট	৩৪৪৫.০০	৫০০/-
১৬		পোলাদেশী মোজারকান্দা হাট	২০১৪০.০০	৫০০/-
১৭	পাঠাকাটা	পাঠাকাটা হাট	১০৩৫২৬৬৭.০০	২১৪০০/-
১৮		বালিগঞ্জ হাট	২৬৮৮৯.০০	৫০০/-
১৯		পাঁচ কাহনিয়া হাট	৫৮৯.০০	৫০০/-
২০	টালকী	বিবির চর হাট	৬৩৯৫.০০	৫০০/-
২১		তালতলী হাট	১০৬০.০০	৫০০/-
২২	চরঅষ্টধর	নারায়নখোলা হাট	৫৪০৭১০.০০	১৮০০/-
২৩	চন্দ্রকোনা	চন্দ্রকোনা হাট	১১৩৩১৪০.০০	৩০০০/-

৩। দরপত্র সিডিউল ক্রয় এবং দাখিলের তারিখ ও খোলার তারিখ ও সময় ঃ

দরপত্র আহবানের পর্যায়	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময়	দরপত্র খোলার সময়
১ম পর্যায়	১০-০৩-২০২১ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	১১-০৩-২০২১ খ্রিঃ বেলা ১.০০ পর্যন্ত	বিকাল ৩.৩০ টায়
২য় পর্যায়	১৬-০৩-২০২১ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	১৮-০৩-২০২১ খ্রিঃ বেলা ১.০০ পর্যন্ত	বিকাল ৩.৩০ টায়
৩য় পর্যায়	২৪-০৩-২০২১ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	২৫-০৩-২০২১ খ্রিঃ বেলা ১.০০ পর্যন্ত	বিকাল ৩.৩০ টায়
৪র্থ পর্যায়	৩১-০৩-২০২১ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	০১-০৪-২০২১ খ্রিঃ বেলা ১.০০ পর্যন্ত	বিকাল ৩.৩০ টায়

৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, নকলা, নকলা থানা এবং সোনালী ব্যাংক লিমিটেড, নকলা শাখা হতে উল্লিখিত তারিখে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল (ফরম ও অন্যান্য শর্তাবলী ও যাবতীয় কাগজপত্র) ক্রয় করা যাবে।

৫। দরপত্রে বর্ণিত সময়সূচী মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), নকলা, পুলিশ সুপারের কার্যালয়, শেরপুর এবং জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এ রক্ষিত দরপত্র বাক্সে উল্লিখিত তারিখে দাখিল করা যাবে এবং ঐদিন উল্লিখিত সময়ে উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) সকল দরপত্র একীভূত করে খোলা হবে।

১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ বাংলা সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অথবা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থসহ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিকস্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মাত্র নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

22/02/2021

জাহিদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

নকলা, শেরপুর

☎০৯৩২৩-৭৫০০১

Email : unonakhla@mopa.gov.bd

unonakhla@gmail.com

স্মারক নং : ০৫.৪৫.৮৯৬৭.০০১.১৬.০০২.২০-১৬৯/১(১০০)

তারিখঃ ৯ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ২২ ফেব্রুয়ারি ২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে -

১। জেলা প্রশাসক, শেরপুর।
২। পুলিশ সুপার, শেরপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, শেরপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর।
৭। অফিসার ইনচার্জ, নকলা থানা, নকলা, শেরপুর।
৮। উপজেলা--------------------------- কর্মকর্তা, নকলা, শেরপুর।
৯। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য প্রযুক্তি অধিদপ্তর, নকলা, শেরপুর। (তাকে উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলা পরিষদের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ সহ)।
১০। চেয়ারম্যান -----------------------------(সকল) ইউপি, নকলা, শেরপুর।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, নকলা শাখা, শেরপুর।
১২। সম্পাদক, দৈনিক -------------------------------পত্রিকা (তার বহুল প্রচারিত দৈনিকের ভেতরের পাতায় বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে প্রকাশের অনুরোধ সহ)।
১৩। ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তা, ----------------------------- ইউনিয়ন ভূমি অফিস, নকলা, শেরপুর। (তাকে উল্লেখিত বিজ্ঞপ্তির বিষয় সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার করতঃ উহার এস, আর কপি দরপত্র দাখিলের পূর্বে অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

22/02/2021

জাহিদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

নকলা, শেরপুর